সংবাদ

তারিখ ... 3 APR 2017
পৃষ্ঠা ৩ ... কলাম ...

# স্মার্টফোন নিয়ে প্রশ্ন আনতে যাওয়ায় তিন শিক্ষক বরখাস্ত

নিজস্ব বার্তা পরিবেশক

স্মার্টফোন সঙ্গে রাখার কারণে গতকাল তিন শিক্ষককে সাময়িক বরখাস্তের নির্দেশ দেয়া হয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এরা হলেন হাবিবুল্লাহ বাহার কলেজের মার্কেটিং বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুর রশিদ এবং মহাখালী টিঅ্যান্ডটি মহিলা কলেজের প্রভাষক নাঈমা নাসরিন ও মাহবুবুর রহমান।
এই তিন শিক্ষক নিষেধাজ্ঞা অমান্য করে স্মার্টফোন : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## স্মার্টফোন : নিয়ে

(১ম পৃষ্ঠার পর)

স্মার্টফোন নিয়ে ট্রেজারি থেকে এইচএসসির প্রশ্নপত্র আনতে গিয়েছিল। বরখাস্তের পাশাপাশি তিন শিক্ষকের এমপিও (বেতনের সরকারি অংশ) স্থগিত করে কেন স্থায়ীভাবে বাতিল করা হবে না, সেজন্য কারণ দর্শাতে বলা হয়েছে। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক আদেশে ঢাকা মাধ্যমিক উচ্চশিক্ষা বোর্ডকে এ নির্দেশ দেয়া হয়। আদেশে বলা আরও হয়েছে, বোর্ড যেন ওই তিন শিক্ষককে সাময়িক বরখাস্ত করতে ওই দুই প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদকে নির্দেশ দেয়। ঢাকা শিক্ষা বোর্ডের একজন কর্মকর্তা জানান, গত বছর প্রশ্নপত্র ফাঁস রোধে পরীক্ষার কেন্দ্রে সব ধরনের মোবাইল ফোন নিষিদ্ধ করা হয়। তবে কেন্দ্র সচিব যোগাযোগের জন্য একটি সাধারণ ফোন ব্যবহারের সুযোগ পান। কিন্তু ওই তিন শিক্ষক গতকাল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার প্রতিনিধি হিসেবে ঢাকা জেলা প্রশাসনের ট্রেজারি থেকে পরীক্ষার প্রশ্নপত্র আনতে যান। এ সময় তাদের সঙ্গে স্মার্টফোন ছিল। ওই স্মার্টফোনগুলো জব্দ করা হয়। এবার এইসএসসি ও সমমান পরীক্ষায় মোট ১১ লাখ ৮৩ হাজার ৬৮৬ জন শিক্ষার্থী অংশ নিচ্ছে। এদের মধ্যে ছাত্র সংখ্যা ছয় লাখ ৩৫ হাজার ৬৯৭ জন এবং ছাত্রী সংখ্যা পাঁচ লাখ ৪৭ হাজার ৯৮৯ জন। সারাদেশে মোট দুই হাজার ৪৯৭টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।